এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

কুমিল্লা শিক্ষা বোর্ড–২০১৭ বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও]

'ক' বিভাগ

১. মেসার্স ইমন ট্রেডার্স-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিলটি নিম্নরূপ :

মেসার্স ইমন ট্রেডার্স
রেওয়ামিল
ডিসেম্বর ৩১, ২০১৬

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৮০,০০০	
প্রাপ্য হিসাব	১,০০,০০০	
মজুদ পণ্য (০১.০১.২০১৬)	২০,০০০	
আসবাবপত্র	২,৮০,০০০	
১২% ঋণ (০১.০৭.২০১৫)		১,০০,০০০
প্রদেয় হিসাব		১,১০,০০০
মূলধন		২,০০,০০০
উত্তোলন	২০,০০০	
বিক্রয়		৪,৮৬,০০০
ক্রয়	৩,৫০,০০০	
বেতন (দশ মাস)	২৫,০০০	
সাপ্লাইস খরচ	৯,০০০	
বিজ্ঞাপন খরচ	১১,০০০	
অনাদায়ী পাওনা	৫,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৪,০০০
	৯,০০,০০০	৯,০০,০০০

সমন্বয়সমূহ :

(১) সমাপনী মজুদ মূল্যায়ন করা হয়েছে ২৫,০০০ টাকা; যার মধ্যে ৫,০০০ টাকার বিক্রিত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যা এখনো ক্রেতাকে সরবরাহ করা হয়নি।

(২) প্রচারের জন্য ৭,০০০ টাকার পণ্য বিনামূল্যে ভোক্তাদের নিকট বিতরণ করা হয়েছে। মোট বিজ্ঞাপন খরচের এক-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে।

(৩) প্রাপ্য হিসাবের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা রাখতে হবে।

(ক) চলতি বছরের বিজ্ঞাপন খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ৩১ ডিসেম্বর ২০১৬ সালে সমাপ্ত বছরের জন্য মেসার্স ইমন ট্রেডার্সের আয় বিবরণী তৈরি কর। ৪

(গ) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে ইমন ট্রেডার্সের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২. মেসার্স নুজহাত-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত অর্থবছরের রেওয়ামিলটি নিম্নরূপ :

মেসার্স নুজহাত
রেওয়ামিল
ডিসেম্বর ৩১, ২০১৬

ডেবিট — ক্রেডিট

হিসাবের শিরোনাম	টাকা	হিসাবের শিরোনাম	টাকা
নগদ	৬০,০০০	প্রদেয় নোট	২,০০,০০০
প্রাপ্য হিসাব	৭০,০০০	বিক্রয়	৪,০০,০০০
মজুদ পণ্য (৩১.১২.২০১৬)	৫০,০০০	মূলধন	৩,০০,০০০
আসবাবপত্র	২,০০,০০০	ক্রমযোজিতা অচয়-আসবাবপত্র	৫০,০০০
বিক্রয় ফেরত ও ভাতা	১০,০০০		
বিক্রিত পণ্যের ব্যয়	৩,০০,০০০		
অফিস ভাড়া	৪০,০০০		
১০% বিনিয়োগ (০১.০৯.১৬)	২,০০,০০০		
ট্রেডমার্ক (১.১.২০১৫) থেকে দশ বছরের জন্য)	২০,০০০		
	৯,৫০,০০০		৯,৫০,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) আসবাবপত্রের বইমূল্যের উপর ১০% হারে অবচয় ধরতে হবে।
(২) মাসিক অফিস ভাড়ার পরিমাণ ১০,০০০ টাকা।
(৩) ম্যানেজার তাঁর কমিশন ধার্য করার পূর্ববর্তী পরিচালন মুনাফার উপর ১০% হারে কমিশন প্রাপ্য হবেন।

(ক) বিনিয়োগের প্রাপ্য সুদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত অর্থবছরের জন্য মেসার্স নুজহাতের আয় বিবরণী তৈরি কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে মেসার্স নুজহাতের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

'খ' বিভাগ

৩. জনাব সাজিদ ২,০০,০০০ টাকা নগদ ২০,০০০ টাকার যন্ত্রপাতি ও ৪০,০০০ টাকার বই নিয়ে ১ জানুয়ারি ২০১৬ তারিখে আইন ব্যবসা শুরু করেন। জানুয়ারি মাসে তাঁর লেনদেনগুলো নিম্নরূপ :

জানুয়ারি ২ দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রদান ২,০০০ টাকা।
৫ মক্কেলকে আইন সেবা প্রদান নগদে ২৫,০০০ ও ধারে ২০,০০০ টাকা।
১০ চেম্বারের ভাড়া প্রদান ১০,০০০ টাকা।
১৫ চেম্বারের জন্য ধারে সাপ্লাইস ক্রয় ৫,০০০ টাকা।
১৮ জানুয়ারি ৫ তারিখে প্রদত্ত সেবার বিপরীতে ৪০% নগদ আদায় ও বাট্টা মঞ্জুর ২%।
৩১ উপযোগ বিল পরিশোধ ২,০০০ টাকা।

(ক) জনাব সাজিদের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২
(খ) জানুয়ারি ৫, ১৫, ১৮ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জন্য জাবেদা দাখিলা দাও। ৪
(গ) জানুয়ারি ৩১ তারিখে সমাপ্ত মাসের জন্য জনাব সাজিদের আয় বিবরণী তৈরি কর। ৪

৪. রাসেদ ট্রেডার্সের ৩০ জুন, ২০১৬ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ :
নগদ ২৫,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা; যন্ত্রপাতি ৪০,০০০ টাকা; আসবাবপত্র ২৫,০০০ টাকা; প্রদেয় হিসাব ২০,০০০ টাকা।

জুলাই মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নে প্রদত্ত হলো :

জুলাই ৫ পণ্য ক্রয় নগদ ২০,০০০ টাকা এবং ধারে ৫০,০০০ টাকা।
৬ এক বছরের বিমা অগ্রিম প্রদান ২৪,০০০ টাকা।
১০ পণ্য বিক্রয় নগদ ৫০,০০০ টাকা এবং প্রাপ্য বিলের মাধ্যমে ২০,০০০ টাকা।
১৪ ২% বাট্টা মঞ্জুর সাপেক্ষে প্রারম্ভিক প্রাপ্য হিসাবের অর্ধেক আদায়।
২০ বিজ্ঞাপনের জন্য ব্যবসা থেকে পণ্য ব্যবহার ৫,০০০ টাকা।
৩১ বিমা খরচ একমাস অতিক্রান্ত হয়েছে।

(ক) রাসেদ ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা প্রদান কর। ২
(খ) হিসাব সমীকরণে ৫ থেকে ১৪ তারিখের লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪
(গ) জুলাই ৩১ তারিখে রাসেদ ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

৫. **নিম্নলিখিত তথ্যাদি মি. রাজিবের হিসাব বই থেকে ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে নেয়া হয়েছে :**

(১) ব্যাংক বিবরণী অনুযায়ী জমাতিরিক্ত উত্তোলন ১২,০০০ টাকা।
(২) ২,৫০০ টাকার একটি চেক জমা দেয়া হয়েছে কিন্তু ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি।
(৩) চেক ইস্যু করা হয়েছে কিন্তু ৩১ ডিসেম্বর, ২০১৬-এর পরে ব্যাংকে উপস্থাপন করা হয়েছে ২,৫০০ টাকা।
(৪) ব্যাংক জমাতিরিক্তের সুদ ২০০ টাকা ব্যাংক বিবরণীতে ডেবিট করা হয়েছে কিন্তু নগদান বইয়ে লেখা হয়নি।
(৫) আদায়ের জন্য ৫,০০০ টাকার একখানা বিল ব্যাংকে প্রেরণ করা হয়েছে, যা পরবর্তীতে প্রত্যাখ্যান হয়।
(৬) ব্যাংক ২০০ টাকা সুদসহ ৪,০০০ টাকার একটি প্রদেয় বিল পরিশোধ করেছে কিন্তু নগদান বইতে লেখা হয়নি।
(৭) ব্যাংক কর্তৃক প্রাপ্য বিলে অর্থ আদায় ৭,০০০ টাকা।

(ক) ব্যাংক কর্তৃক ডেবিটকৃত টাকার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪
(গ) ৪, ৫, ৬ এবং ৭নং লেনদেনগুলোর জন্য মি. রাজিবের বইতে জাবেদা দাখিলা দাও। ৪

৬. **২০১৬ সালের জুলাই মাসে অনিকের ব্যবসায় নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয়:**

জুলাই ১ প্রারম্ভিক উদ্বৃত্ত : নগদ ২০,০০০ টাকা; ব্যাংক (ক্রেডিট) ১০,০০০ টাকা।
৫ পণ্য ক্রয় : নগদ ৪,০০০ টাকা; ধারে ৭,০০০ টাকা ও চেকের মাধ্যমে ১০,০০০ টাকা।
১০ পণ্য বিক্রয় : নগদ ২৫,০০০ টাকা; প্রাপ্য বিলের মাধ্যমে ৭,০০০ টাকা ও ধারে ২০,০০০ টাকা।
১৫ দেনাদার কর্তৃক ২% বাট্টা বাদ দিয়ে সরাসরি ব্যাংকে জমা ২৪,২৫০ টাকা।
১৮ ব্যাংকে জমা প্রদান ২৫,০০০ টাকা।
২০ পাওনাদার বাদলকে তার পাওনা ৯,০০০ টাকা ৩% বাট্টা সাপেক্ষে পরিশোধ করা হলো।
২৫ ৫% কারবারি বাট্টায় মজিদের নিকট থেকে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
৩১ ব্যাংক চার্জ ও ব্যাংক জমাতিরিক্তের সুদ যথাক্রমে ২০০ টাকা ও ৫০০ টাকা।

(ক) নগদান বইতে আসবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ১০, ১৫, ২০ এবং ৩১ তারিখের লেনদেনগুলোর জন্য জাবেদা দাখিলা দাও। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলোর সমন্বয়ে একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৭. **২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের মেসার্স তাহের ব্রাদার্সের উদ্বৃত্তপত্রে প্রাপ্য হিসাবের পরিমাণ ২,০০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ছিল ১২,০০০ টাকা। ২০১৬ সালে প্রাপ্য হিসাব সম্পর্কিত নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয় :**

(১) ধারে বিক্রয় ৫,০০,০০০ টাকা।
(২) প্রাপ্য হিসাব আদায় হলো ২,৫০,০০০ টাকা।
(৩) অনাদায়ী পাওনা অবলোপন করা হলো ৮,০০০ টাকা।
(৪) ইতোপূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হলো ৫,০০০ টাকা।

(ক) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নিরূপণ কর। ২
(খ) উপর্যুক্ত চারটি লেনদেনের জাবেদা দাও। ৪
(গ) প্রাপ্য হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের জের নির্ণয় কর। ৪

৮. ২০১৭ সালের ৩১ মার্চ তারিখে সমাপ্ত সুপ্তা চৌধুরীর ১ম ত্রৈমাসিক রেওয়ামিলটি নিম্নরূপ :

সুপ্তা চৌধুরী
রেওয়ামিল
মার্চ ৩১, ২০১৭

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রাপ্য হিসাব	৮০,০০০	
চলতি দায়		২০,০০০
মজুদ পণ্য (৩১.০৩.২০১৭)	৭৫,০০০	
আসবাবপত্র	১,২০,০০০	
১০% বন্ধকী ঋণ		৫০,০০০
মজুরি ও বেতন	২৫,০০০	
অফিস খরচ	১২,০০০	
অগ্রিম বীমা	২৪,০০০	
বিক্রিত পণ্যের ব্যয়	২,১৪,০০০	
বিক্রয়		৩,৫০,০০০
মূলধন		১,৩০,০০০
	৫,৫০,০০০	৫,৫০,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) বিমা খরচ মাসিক ২,০০০ টাকা।
(২) আসবাবপত্রের উপর ১০% হারে অবচয় ধরতে হবে।
(৩) অগ্রিম মজুরি ও বেতন ৫,০০০ টাকা।
(৪) বন্ধকী ঋণের উপর সুদ প্রদেয় রয়েছে।

(ক) মোট পরিচালন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) সমন্বয়সমূহের জন্য প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
(গ) দশ কলামবিশিষ্ট কার্যপত্র তৈরি কর। ৪

৯. জাহিন ট্রেডার্স ২০১৪ সালের ১ জুলাই তারিখে ২,০০,০০০ টাকা মূল্যের একটি যন্ত্রপাতি ক্রয় করে। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ৪,৫০,০০০ টাকায় অতিরিক্ত একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং বসানো খরচ বাবদ ১০,০০০ টাকা ব্যয় করে। মেয়াদ শেষে দ্বিতীয় যন্ত্রপাতিটির প্রত্যাশিত ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। উভয় যন্ত্রপাতির প্রত্যাশিত আয়ুষ্কাল পাঁচ বছর। প্রতিষ্ঠানটি প্রত্যেক বছর ৩১ ডিসেম্বর তারিখে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।

(ক) ২০১৪ ও ২০১৫ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উভয় বছরের জন্য জাবেদা দাখিলা দাও। ৪
(গ) ২০১৫ সালের অবচয় হিসাব ও ক্রমযোজিত হিসাব তৈরি কর। ৪

১০. জনাব হালিম একজন খুচরা ব্যবসায়ী। তিনি একতরফা দাখিলা মোতাবেক হিসাব বই সংরক্ষণ করেন। ২০১৬ সালের ১ জানুয়ারি তার আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :

	জানুয়ারি ১, ২০১৬ (টাকা)	ডিসেম্বর ৩১, ২০১৬ (টাকা)
নগদ তহবিল	২০,০০০	১৬,০০০
ব্যাংকে জমা	৮,০০০ (ক্রে:)	১৫,০০০

প্রাপ্য হিসাব	২৮,০০০	১৬,০০০
প্রদেয় হিসাব	৭,০০০	৫,০০০
মজুদ পণ্য	২৫,০০০	[illegible],০০০
যন্ত্রপাতি	৪০,০০০	৬০,০০০
প্রাপ্য নোট	১০,০০০	
প্রদেয় নোট		৪,০০০

২০১৬ সালে জনাব হালিম নগদ ৬,০০০ টাকা ও ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। ১.৭.২০১৬ তারিখে তিনি ব্যক্তিগত তহবিল থেকে ২০,০০০ টাকা ব্যয়ে নতুন যন্ত্রপাতি কিনেন। প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবে উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে। যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধরতে হবে।

(ক) সমাপনী মূলধন নির্ণয় কর। ২

(খ) প্রারম্ভিক মূলধন ১,০৮,০০০ টাকা হলে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে জনাব হালিমের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

১১. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব জাওয়াদ-এর খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

	টাকা
নগদ তহবিল (১.১.২০১৬)	২৫,০০০
মজুদ পণ্য (১.১.২০১৬)	৫৫,০০০
প্রাপ্য হিসাব (১.১.২০১৬)	৩৫,০০০
প্রদেয় হিসাব (১.১.২০১৬)	২০,০০০
বিক্রয়	৫,০০,০০০
বহিঃফেরত	১০,০০০
ক্রয়	৪,২৫,০০০
বিক্রয় বাট্টা	২,০০০
আন্তঃফেরত	৩,০০০
শিক্ষানবিশ ভাতা	৪,০০০
অনাদায়ী পাওনা	৬,০০০
ইজারাকৃত সম্পত্তি	২০,০০০
কলকব্জা ও যন্ত্রপাতি	১,২০,০০০
বন্ধকী ঋণ	২,২০,০০০
প্রশাসনিক খরচ	২৫,০০০
নগদ তহবিল (৩১.১২.২০১৬)	১,১০,০০০
মজুদ পণ্য (৩১.১২.২০১৬)	১২,৫০০
প্রাপ্য হিসাব (৩১.১২.২০১৬)	১,৪০,০০০
প্রদেয় হিসাব (৩১.১২.২০১৬)	৮০,০০০
প্রাথমিক খরচ	২০,০০০
মূলধন	১,২০,০০০

(ক) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে যে সমস্ত দফা রেওয়ামিলে আসবে না তা লিখ। ২

(খ) আদর্শ ফরম অনুসরণ করে ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব জাওয়াদের রেওয়ামিল তৈরি কর। ৪

(গ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে জনাব জাওয়াদের মোট দায়ের পরিমাণ নিরূপণ কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি স্থান কোথায়?
ক আমেরিকা খ ভারত
গ ইটালি ঘ ইংল্যান্ড

২. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কী?
ক লেনদেন খ জাবেদা
গ খতিয়ান ঘ ঘটনা

৩. কোনটি লেনদেনের আবশ্যকীয় বৈশিষ্ট্য নয়?
ক অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য
খ দু'টি পক্ষ
গ আর্থিক অবস্থার পরিবর্তন ঘ দৃশ্যমানতা

৪. নিচের কোনটি নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে পার্থক্য তৈরি করবে?
ক ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ
খ আমানতকারী কর্তৃক জমাদান
গ জমাকৃত চেক আদায়
ঘ ইস্যুকৃত চেক পরিশোধ

নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও।

জামাল এন্ড কোং-এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। ৫,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে কিন্তু ভুলক্রমে নগদান বইতে ৫০০ টাকা লেখা হয়েছে এবং ২,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে, যা নগদান বইতে ভুলে দুইবার লেখা হয়েছে।

৫. জমাকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ করতে হবে?
ক ৫০০ খ ৪,৫০০
গ ৫,০০০ ঘ ৫,৫০০

৬. উক্ত কোম্পানির ইস্যুকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ বা বিয়োগ করবে?
ক ২,০০০ টাকা যোগ খ ৪,০০০ টাকা যোগ
গ ২,০০০ টাকা বিয়োগ ঘ ৪,০০০ টাকা বিয়োগ

৭. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?
ক সমাপনী মজুদ পণ্যের উদ্বৃত্ত থাকলে
খ প্রারম্ভিক মজুদ না থাকলে
গ সমন্বিত ক্রয়ের উদ্বৃত্ত থাকলে
ঘ মালিক নির্দেশ দিলে

৮. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে স্থায়ী সম্পদ মূল্যায়ন করা হয়?
ক ঐতিহাসিক ব্যয় খ পূর্ণ প্রকাশ
গ বস্তুনিষ্ঠ ধারণা ঘ রক্ষণশীল

৯. কোন নীতির কারণে মূলধন একটা প্রতিষ্ঠানের দায়?
ক চলমান প্রতিষ্ঠান নীতি
খ দ্বৈতসত্তা নীতি
গ ব্যবসায়িক সত্তানীতি
ঘ রাজস্ব স্বীকৃত নীতি

১০. বিক্রয়মূল্যের উপর মুনাফার হার ২০% হলে বিক্রীত পণ্যের ব্যয়ের উপর শতকরা হার কত?
ক ১৬.৬৭% খ ১৮%
গ ২৫% ঘ ৩৩.৩৩%

১১. বিপরীত দাখিলা কখন দেয়া হয়?
ক হিসাবকালের প্রথম তারিখ
খ সমন্বয় দাখিলার পূর্বে
গ হিসাবকালের শেষ তারিখ
ঘ আর্থিক বিবরণী তৈরির পূর্বে

নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:

২০১৬ সালের ১ এপ্রিল মিম এন্টারপ্রাইজ ৬০,০০০ টাকার একটি যন্ত্রপাতি ক্রয় করে এবং ১০,০০০ টাকায় সংস্থাপন করে। যন্ত্রপাতিটির আয়ুষ্কাল ধরা হয় ৬ বছর এবং আয়ুষ্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য ৪,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব শেষ করে।

১২. সরলরৈখিক পদ্ধতিতে ২০১৬ সালের অবচয়ের পরিমাণ কত টাকা?
ক ৮,২৫০ খ ১১,০০০
গ ১২,০০০ ঘ ১৪,০০০

১৩. যদি প্রতিষ্ঠানটি ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে তবে অবচয়ের হার কত হবে?
ক ২০% খ ২৫%
গ ৩০% ঘ ৩৩.৩৩%

১৪. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে কোনটি অন্তর্ভুক্ত হয়?
ক অবচয় খ আমদানি শুল্ক
গ বহিঃপরিবহন ঘ রপ্তানি শুল্ক

১৫. একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগক্ষেত্র কোথায়?
ক ক্ষুদ্রায়তনের একমালিকানা কারবারে
খ রাষ্ট্রীয় কারবারে
গ অংশীদারি কারবারে
ঘ যৌথ মূলধনী কারবারে

১৬. একটি সম্পদের আয়ুষ্কাল ১০ বছর হলে উক্ত সম্পদের সরলরৈখিক পদ্ধতিতে অবচয়ের হার কত হবে?
ⓚ ১০%　ⓛ ১২%
ⓜ ১২.৫%　ⓝ ১৬%

১৭. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?
ⓚ প্রারম্ভিক নগদ তহবিল
ⓛ প্রারম্ভিক ব্যাংক তহবিল
ⓜ সমাপনী ব্যাংক জমাতিরিক্ত
ⓝ সমাপনী মজুদ পণ্য

১৮. একতরফা দাখিলা পদ্ধতি অনুসারে ব্যক্তিগত সম্পদ বিক্রয় করে ব্যবসায়ে অর্থ সরবরাহ করলে ব্যবসায়ে কী প্রভাব পড়বে?
i. আয়কর কম দিতে হবে
ii. আয়কর বেশি দিতে হবে
iii. বৈষয়িক বিবৃতি পরিবর্তন হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ i ও iii
ⓜ ii ও iii　ⓝ i, ii ও iii

১৯. হিসাবচক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
ⓚ জাবেদা　ⓛ খতিয়ান
ⓜ কার্যপত্র　ⓝ আর্থিক বিবরণী

নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাব ছিল ৪,০০,০০০ টাকা। অলিখিত অনাদায়ী পাওনা ৪০,০০০ টাকা।

২০. প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখা হলে, নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি কত হবে?
ⓚ ৬০,০০০　ⓛ ৫৮,০০০
ⓜ ৪০,০০০　ⓝ ১৮,০০০

২১. উদ্দীপকের ভিত্তিতে–
i. সম্পদ কমবে ৫৮,০০০ টাকা
ii. নিট মুনাফা বাড়বে ৫৮,০০ টাকা
iii. নিট মুনাফা কমবে ৫৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ i ও iii
ⓜ ii ও iii　ⓝ i, ii ও iii

২২. নগদান বই কাজ করে–
i. জাবেদার
ii. খতিয়ানের
iii. রেওয়ামিলের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ i ও iii
ⓜ ii ও iii　ⓝ i, ii ও iii

২৩. ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যাত হলে এবং নগদান হিসাবে লেখা না হলে ব্যবসায়ের কী হবে?
ⓚ আর্থিক অবস্থা কমবে
ⓛ আর্থিক অবস্থা বাড়বে
ⓜ ক্ষতি হবে　ⓝ লাভ হবে

২৪. কোনটির বৃদ্ধিতে ব্যবসায়ের মূলধন বাড়বে?
ⓚ আয়　ⓛ ব্যয়
ⓜ উত্তোলনের সুদ　ⓝ উত্তোলন

২৫. GAAP-এর পূর্ণরূপ কোনটি?
ⓚ Generally Accounting Accepted Principles
ⓛ Generally Accepted Accounting Principal
ⓜ Generally Accepted Accounting Principles
ⓝ Generally Accounting Accepted Principal

২৬. কোন নীতি অনুযায়ী অগ্রিম প্রদত্ত ব্যয়কে মোট ব্যয় থেকে বাদ দিতে হয়?
ⓚ পূর্ণ প্রকাশ　ⓛ ঐতিহাসিক ব্যয়
ⓜ রাজস্ব স্বীকৃতি　ⓝ মিলকরণ

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:
একটি রেওয়ামিলে ক্রয় ৫৫,০০০ টাকার স্থলে ৫০,০০০ টাকা এবং বিক্রয় ৪৫,০০০ টাকার স্থলে ৪০,০০০ টাকা লেখা হওয়ায় ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে গেল।

২৭. রেওয়ামিল তৈরিতে কোন ধরনের ভুল হয়েছে?
ⓚ লেখার　ⓛ পরিপূরক
ⓜ নীতিগত　ⓝ বাদ পড়ার

২৮. রেওয়ামিলের যোগফল কত টাকা কম বা বেশি দেখানো হয়েছে?
ⓚ ১০,০০০ টাকা বেশি　ⓛ ১০,০০০ টাকা কম
ⓜ ৫,০০০ টাকা বেশি　ⓝ ৫,০০০ টাকা কম

২৯. হিসাব সমীকরণের সঠিক রূপ কোনটি?
ⓚ A – L = OE　ⓛ A = L + OE
ⓜ A – OE = L　ⓝ L + OE = A

৩০. প্রদেয় হিসাবের প্রারম্ভিক ও সমাপনী জের যথাক্রমে ২০,০০০ টাকা ও ২২,০০০ টাকা। ধারে ক্রয়ের পরিমাণ ৭০,০০০ টাকা। প্রদেয় হিসাবকে নগদ পরিশোধের পরিমাণ কত টাকা?
ⓚ ২৬,০০০　ⓛ ৬৮,০০০
ⓜ ৭২,০০০　ⓝ ১,১২,০০০